



চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪২২৫

ফোন পিএবিএক্স: ০৩১-৬৫৯০৯৩/৬৫৯৪৯২-৩ এক্স (অ) ১০৫ ফ্যাক্স: ০৩১-৬৫৯৬২০

Web: www.cvasu.ac.bd

স্মারক নং-চভেএসাবি/সম(উ.শি/গ)/এমএস ভর্তি, পত্রিকা-১৪/২০১৩/২২৬

তারিখ: ০৫/১২/২০১৬খ্রি.

জানুয়ারি-জুন ২০১৭ সেমিস্টারে এম এস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় এর ভেটেরিনারি মেডিসিন অনুষদ, ফুড সায়েন্স এন্ড টেকনোলজি অনুষদ এবং ফিশারিজ অনুষদের আওতায় বিভিন্ন বিষয়ে জানুয়ারি-জুন ২০১৭ সেমিস্টারে ৩ (তিন) সেমিস্টার মেয়াদী এম এস কোর্সে ছাত্রছাত্রী ভর্তির জন্য আবেদন যোগ্য প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তির নিয়মাবলী নিম্নরূপ:

নং	বিষয়	ভর্তির আবেদনের যোগ্যতা ও আনুষঙ্গিক তথ্যাদি
১	ভেটেরিনারি মেডিসিন অনুষদের এম এস কোর্সের বিষয়সমূহ: এনাটমি, ডেয়রি সায়েন্স, পোল্ট্রি সায়েন্স, প্যাথলজি, প্যারাসাইটোলজি, এনিম্যাল ব্রিডিং এন্ড জেনেটিক্স, এনিম্যাল এন্ড পোল্ট্রি নিউট্রিশন, এনিম্যাল সাইন্স, মাইক্রোবায়োলজি, ফার্মাকোলজি, ফিজিওলজি, বায়োকেমিস্ট্রি, মেডিসিন, সার্জারি, ইপিডেমিওলজি এবং থেরিওজেনোলজি।	ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন বা এম বি বি এস বা সমমানের ব্যাচেলর ডিগ্রিধারী, জিপিএ ৪.০ এর মধ্যে ৩.০ অথবা ৫.০ এর মধ্যে ৪.০ এবং সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম বি ⁺ (৩.২৫) গ্রেড বা সমমান নম্বর থাকতে হবে। ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন বা সমমান কোর্সে সংশ্লিষ্ট পঠিত বিষয়ে কমপক্ষে ৩ ক্রেডিট ঘন্টা (বার্ষিক পদ্ধতিতে ১৫০ নম্বর) কোর্স অধ্যয়ন করতে হবে।
২	ফুড সায়েন্স এন্ড টেকনোলজি অনুষদের এম এস কোর্সের বিষয়সমূহ: ফুড প্রসেসিং এন্ড ইঞ্জিনিয়ারিং, ফুড কেমিস্ট্রি এন্ড কোয়ালিটি এ্যাসিওরেন্স এবং এপ্রাইড হিউম্যান নিউট্রিশন এন্ড ডায়েটেটিক্স।	বি এসসি (অনার্স) ইন ফুড সায়েন্স এন্ড টেকনোলজি বা সমমানের ব্যাচেলর ডিগ্রিধারী, জিপিএ ৪.০ এর মধ্যে ৩.০ অথবা ৫.০ এর মধ্যে ৪.০ এবং সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম বি ⁺ (৩.২৫) গ্রেড বা সমমান নম্বর থাকতে হবে। বি এসসি (অনার্স) ইন ফুড সায়েন্স এন্ড টেকনোলজি বা সমমান কোর্সে সংশ্লিষ্ট পঠিত বিষয়ে কমপক্ষে ৩ ক্রেডিট ঘন্টা (বার্ষিক পদ্ধতিতে ১৫০ নম্বর) কোর্স অধ্যয়ন করতে হবে।
৩	ফিশারিজ অনুষদের এম এস কোর্সের বিষয়সমূহ: ফিশ বায়োলজি এন্ড বায়োটেকনোলজি, একোয়াকালচার, মেরিন বায়ো-রিসোর্সেস সাইন্স, ফিশারিজ রিসোর্সেস ম্যানেজমেন্ট এবং ফিশিং এন্ড পোস্ট হারভেস্ট টেকনোলজি।	ব্যাচেলর অব সায়েন্স ইন ফিশারিজ (অনার্স) বা সমমানের ব্যাচেলর ডিগ্রিধারী, জিপিএ ৪.০ এর মধ্যে ৩.০ অথবা ৫.০ এর মধ্যে ৪.০ এবং সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম বি ⁺ (৩.২৫) গ্রেড বা সমমান নম্বর থাকতে হবে। ব্যাচেলর অব সায়েন্স ইন ফিশারিজ (অনার্স) বা সমমান কোর্সে সংশ্লিষ্ট পঠিত বিষয়ে কমপক্ষে ৩ ক্রেডিট ঘন্টা (বার্ষিক পদ্ধতিতে ১৫০ নম্বর) কোর্স অধ্যয়ন করতে হবে।
৪	আবেদনের পদ্ধতি	চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম এর অনুকূলে জনতা ব্যাংক, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু) শাখা, জাকির হোসেন রোড, খুলশী, চট্টগ্রাম এর চলতি হিসাব নং সিডি-১৭৪ এ ১০০০/= (এক হাজার) টাকা জমাদানের রশিদ জমাদানপূর্বক কো-অর্ডিনেটর (উচ্চশিক্ষা ও গবেষণা) এর অফিস (একাডেমিক ভবন-১, ৫ম তলা, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, খুলশী, চট্টগ্রাম-৪২২৫) হতে নির্ধারিত ফরম সংগ্রহ ও জমা প্রদান করা যাবে। বিশ্ববিদ্যালয়ের Web: www.cvasu.ac.bd থেকে ডাউনলোড করা যাবে অথবা ২০/- মূল্যমানের স্ট্যাম্পসহ নিজ ঠিকানা সম্বলিত ফেরৎ (৫" x ১০"/১১") খাম প্রেরণ পূর্বক ডাকযোগে আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন।
৫	আবেদনের সাথে প্রয়োজনীয় সংযুক্তি ও তথ্যাদি (একাডেমিক ও গবেষণা সংশ্লিষ্ট)	(ক) শিক্ষাজীবনের সকল উত্তীর্ণ পরীক্ষার সত্যায়িত সার্টিফিকেট, মার্কশীট/ট্রান্সক্রিপ্ট, ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ অন্যান্য প্রমাণপত্রাদি। (খ) আবেদনকারীর প্রস্তাবিত এম এস গবেষণার শিরোনাম। (গ) আবেদন ফরমে প্রস্তাবিত গবেষণা তত্ত্বাবধায়কের (Supervisor) স্বাক্ষর বা সম্মতিসূচক মন্তব্য। (ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ন্যূনতম ১(এক) বছরের ছুটি মঞ্জুরী/সম্মতি পত্র। (ঙ) অন্যান্য বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট (ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন/এম বি বি এস/বি এসসি (অনার্স) ইন ফুড সায়েন্স এন্ড টেকনোলজি/ব্যাচেলর অব সায়েন্স ইন ফিশারিজ (অনার্স)/সমমান ব্যাচেলর ডিগ্রী ধারী প্রার্থীদের ক্ষেত্রে মাইগ্রেশন সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।
৬	আবেদনপত্র সংগ্রহ ও জমাদানের তারিখ	০১-১৫ জানুয়ারি ২০১৭ খ্রি.।
৭	যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ	উচ্চশিক্ষা ও গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত ভর্তি যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ১৮ জানুয়ারি ২০১৭ খ্রি.।
৮	যোগ্য প্রার্থীদের ভর্তি	১৯ জানুয়ারি ২০১৭ খ্রি. এবং ২২ জানুয়ারি ২০১৭ খ্রি.।
৯	ক্রাস শুরু	২৩ জানুয়ারি ২০১৭ খ্রি.।

বিশেষ জ্ঞাতব্য:

- ভর্তিচ্ছু চাকরিরত প্রার্থীদের এককালীন বা একাধিক পর্বে ন্যূনতম ১ বছরের ছুটি গ্রহণ বাধ্যতামূলক।
- প্রার্থীদের আবেদন ও ভর্তি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় স্নাতকোত্তর একাডেমিক কমিটি, যোগ্যতা মূল্যায়ন (Eligibility) কমিটি এবং সর্বোপরি উচ্চশিক্ষা ও গবেষণা কমিটি, সিভাসু-এর গৃহীত সিদ্ধান্ত চূড়ান্তভাবে বিবেচিত হবে।
- অসম্পূর্ণ বা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত দরখাস্ত/ভর্তির আবেদন বাতিল বলে গণ্য হবে।
- নির্বাচিত প্রার্থীগণকে নির্ধারিত ভর্তি ফি সহ অন্যান্য ফি জমা দিয়ে ভর্তি হতে হবে। ভর্তির জন্য আনুমানিক ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রয়োজন হতে পারে।

(ড. মোহাম্মদ মেজবাহ উদ্দিন)
কো-অর্ডিনেটর
উচ্চশিক্ষা ও গবেষণা কমিটি